রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

রবিবার, অক্টোবর ১১, ২০১৫

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

অর্থ মন্ত্রণালয়

অভ্যন্তরীণ সম্পদ বিভাগ

(আয়কর)

প্রজ্ঞাপন

তারিখ: ২৩ আশ্বিন ১৪২২ বঙ্গাব্দ/০৮ অক্টোবর ২০১৫ খ্রিস্টাব্দ

এস, আর, ও নং ৩০০-আইন/আয়কর/২০১৫।—Income-tax Ordinance, 1984 (Ordinance No. XXXVI of 1984), অতঃপর উক্ত Ordinance বলিয়া উল্লিখিত, এর section 44 এর sub-section (4)- এর clause (b)-তে প্রদত্ত ক্ষমতাবলে সরকার, বাংলাদেশ হাই-টেক পার্ক কর্তৃপক্ষ আইন, ২০১০ (২০১০ সনের ৮ নং আইন) এর ধারা ২২ এর বিধান অনুসারে ঘোষিত পার্কে পণ্য উৎপাদন বা সেবা প্রদানের লক্ষ্যে পরিচালিত এবং উক্ত Ordinance-এর section 2-এর clause (20) অনুসারে সংজ্ঞায়িত কোন কোম্পানীতে নিয়োগকৃত বিদেশী প্রকর্মীকে উক্ত কোম্পানীতে তাহার নিয়োগের তারিখ হইতে ৩ (তিন) বৎসরের জন্য ৫০% (শতকরা পঞ্চাশ ভাগ) হারে কর অব্যাহতি সুবিধা প্রদান করিল ঃ

তবে শর্ত থাকে যে, উক্ত কোম্পানীর বাণিজ্যিক কার্যক্রম আরম্ভ হইবার পর ৫(পাঁচ) বৎসর অতিক্রান্ত হইলে, উক্ত বিদেশী প্রকর্মী উক্তরূপ সুবিধা প্রাপ্য হইবেন নাঃ

আরো শর্ত থাকে যে, উক্তরূপ অব্যাহতি প্রদানের পূর্বে উক্ত বিদেশী প্রকর্মীকে—

(ক) টি আই এন গ্রহণ করিতে হইবে; এবং

(খ) উক্ত Ordinance-এর section 75 এ নির্ধারিত সময়ের মধ্যে আয়কর রিটার্ন সংশ্লিষ্ট আয়কর কর্তৃপক্ষের নিকট দাখিল করিতে হইবে।

ব্যাখ্যা ঃ—এই প্রজ্ঞাপনে "বাণিজ্যিক কার্যক্রম আরম্ভ" বলিতে পার্কে পরিচালিত কোম্পানী যে তারিখে ব্যবসা হইতে আয় প্রাপ্ত হইবে বা অর্জন শুরু করিবে সেই তারিখকে বুঝাইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

মোঃ নজিবুর রহমান
সচিব।

মোঃ আব্দুল মালেক, উপপরিচালক (দায়িত্বপ্রাপ্ত), বাংলাদেশ সরকারি মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ আলমগীর হোসেন (উপসচিব), উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। web site: www.bgpress.gov.bd

(৮৩০৩)

মূল্য ঃ টাকা ৪.০০

Md Sajid Hossain Shimanto · smartaccountantbd.com